

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**
Date: 02-11-2024
Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN

Headlines :

- (১) আগরতলা থেকে বহিরাজ্যগামী দূরপাল্লার ট্রেন আগামীকাল সকাল থেকে স্বাভাবিকভাবে চলাচল করবে।
- (২) উদয়পুরের মাতাবাড়িতে ত্রিপুরাসুন্দরী মন্দির প্রাঙ্গণে তিনদিনব্যাপী দীপাবলি মেলা ও উৎসব আজ রাতে শেষ হবে।
- (৩) সংস্কৃতি মন্ত্রক ও তার বিভিন্ন সংস্থাগুলি স্বচ্ছতার চতুর্থ পর্বের বিশেষ প্রচারাভিযানে ১০০% লক্ষ্যমাত্রা অর্জন করেছে।
- (৪) পূর্বাঞ্চলীয় বিশ্ববিদ্যালয় নক আউট মহিলা ফুটবল প্রতিযোগিতার ডি-গ্রুপের লড়াইয়ে ত্রিপুরা বিশ্ববিদ্যালয় সেমিফাইনালে উঠেছে।

Train :

আগরতলা থেকে বহিরাজ্যগামী দূরপাল্লার ট্রেন আগামীকাল সকাল থেকে স্বাভাবিকভাবে চলাচল করবে। উত্তর-পূর্ব রেলের মুখ্য জনসংযোগ আধিকারিক কপিঞ্জল কিশোর শর্মা জানিয়েছেন, আজ সন্ধ্যায় লামডিং বদরপুর হিল সেকশনের মুপার এর কাছে রেললাইন সংস্কারের কাজ শেষ হয়েছে। যাত্রীদের সুরক্ষার কথা ভেবে আজ সন্ধ্যার পর থেকে এই রেললাইনে হালকা ইঞ্জিন ও মালগাড়ির ট্রায়াল রান শুরু হয়েছে।

এদিকে আগরতলার স্টেশন মাস্টার চন্দ্রমোহন শাহু জানান আজ
রাত দশটায় আগরতলা থেকে দেওঘর এক্সপ্রেস যাত্রা করার কথা
রয়েছে। আগামীকাল সেকেন্দ্রাবাদ এক্সপ্রেস ও আগরতলা থেকে
যাত্রা করবে বলে তিনি জানান।

Diwali :

উদয়পুরের মাতাবাড়িতে ত্রিপুরাসুন্দরী মন্দির প্রাঙ্গণে তিনদিনব্যাপী
দীপাবলি মেলা ও উৎসব আজ রাতে শেষ হবে। গত ৩১
অক্টোবর সন্ধ্যায় মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা এই মেলা
ও উৎসবের উদ্বোধন করেন। আমাদের জেলা প্রতিনিধি
শ্যামসুন্দর দত্ত জানিয়েছেন, মেলা ও উৎসবের শেষ দিনেও
আজ ত্রিপুরেশ্বরী মন্দির প্রাঙ্গণে হাজার হাজার পুন্যার্থীর সমাগম
হয়েছে। মেলা প্রাঙ্গনে পুলিশ ও জেলা প্রশাসন দিন রাত
নজরদারি রেখেছে। বিভিন্ন ষ্টেচু সেবী সংস্থা বিশেষ করে
রেডক্রস সোসাইটি, বিপর্যয় মোকাবিলার সদস্যরাও পুন্যার্থীদের
সহযোগিতার হাত বাড়িয়ে দিয়েছে। দীপাবলী মেলা ও উৎসব
সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য গোমতি জেলা শাসক তড়িৎ কান্তি
চাকমা ও মেলা কমিটির চেয়ারম্যান তথা বিধায়ক অভিষেক
দেবরায় সংশ্লিষ্ট সবাইকে ধন্যবাদ জানিয়েছেন। জেলা পুলিশ
সুপার নামিত পাঠক আগামীকাল সকাল ৮টার পর উদয়পুরে
জাতীয় সড়ক দিয়ে দক্ষিণ জেলা গামী সমস্ত যানবাহন
স্বাভাবিকভাবে চলাচল করবে।

এদিকে, আমাদের উত্তর জেলার সংবাদদাতা কৌন্তভ ভট্টাচার্য
জানিয়েছেন, রাজ্য শ্যামাপূজার অন্যতম আকর্ষণ উত্তর জেলার
ধর্মনগর শহর আজও উৎসব মুখর। আজও সন্ধ্যার পর থেকে
পূজা মন্ডপগুলিতে রাজ্যের বিভিন্ন মহকুমা, আসামের শিলচর,
করিমগঞ্জ থেকে হাজার হাজার দর্শনার্থীর সমাগম হয়েছে। এ
মুহূর্তে ধর্মনগর শহরের প্রতিটি রাস্তায় জনস্রোত। পুজো

উদ্যোক্তারা আশা করছেন আজ রাত যত বাড়বে দর্শনার্থীদের ভিড়ও আরো বাড়বে।

Diwali utsav :

দক্ষিণ জেলার সাব্রুমে ঐতিহ্যবাহী দৈত্যেশ্বরী কালিবাড়িতে চারদিনব্যাপী দীপাবলি উৎসব ও মেলা আগামীকাল শেষ হবে। আজ তৃতীয় দিনের সন্ধ্যায় দৈত্যেশ্বরী কালিবাড়িতে প্রচুর পুন্যার্থীর সমাগম হয়। মেলা প্রাঙ্গনে চলছে ধূমুচি নাচ সহ নানান ধর্মীয় ও সাংস্কৃতিক অনুষ্ঠান।

Review Meeting :

পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরীর পৌরোহিত্যে আজ আগরতলার গীতাঞ্জলি গেস্ট হাউসে পর্যটন দপ্তরের পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে রাজ্যে পর্যটনের পরিকাঠামো উন্নয়নের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। পর্যটন শিল্পের মাধ্যমে বেকার যুবক যুবতীদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির বিষয়টিও এই বৈঠকে প্রাধান্য পায়।

State Level Children's Day :

বিদ্যালয় শিক্ষা দপ্তরের উদ্যোগে আগামী ১৪ই নভেম্বর রাজ্যভিত্তিক শিশু দিবস এবার বিলোনিয়ায় উদযাপন করা হবে। এ উপলক্ষ্যে আজ বিলোনিয়ায় দক্ষিণ জেলা শাসকের কার্যালয়ে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সমবায় মন্ত্রী শুল্কাচরণ নোয়াতিয়া সভায় পৌরোহিত্যে করেন।

Tree Plantation :

ভারত সরকারের যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রণালয়ের অধীন নেহেরু
যুব কেন্দ্রের পৃষ্ঠপোষকতায় এবং সমাজসেবী সংস্থা পুষ্পরাজ
ক্লাবের ব্যবস্থাপনায় কৈলাসহরের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, ধর্মীয়
স্থান সহ "এক পেড় মা কি নাম" শিরোনামে ব্যাপক বৃক্ষরোপণ
কর্মসূচি চলছে। দু'মাসব্যাপী এই কর্মসূচি চলবে আগামী ত্রিশে
নভেম্বর পর্যন্ত। পাশাপাশি নেশার আসক্তির বিরুদ্ধে ব্যাপক
জনসচেতনতা সৃষ্টির কাজ হচ্ছে। পুষ্পরাজ ক্লাবের সম্পাদক
চুরুক আলি এই সংবাদ জানিয়েছেন।

Congress Padajatra :

প্রদেশ কংগ্রেসের উদ্যোগে আজ আগরতলায় সংহতি পদযাত্রার
আয়োজন করা হয়। দুর্গা চৌমুহনী থেকে এই পদযাত্রা শুরু হয়ে
আগরতলা শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে। পদযাত্রায় অংশ
নেন প্রদেশ কংগ্রেস সভাপতি আশীষ কুমার সাহা, বিধায়ক
সুদীপ রায় বর্মন সহ অন্যান্য নেতৃবৃন্দ। প্রদেশ কংগ্রেস সভাপতি
শ্রী সাহা জানান, সারা রাজ্য কংগ্রেসের ৯টি সাংগঠনিক জেলা
ও ৬০টি ব্লকে এই পদযাত্রার আয়োজন করা হয়েছে। আগামী
১৯শে নভেম্বর ভারতের প্রাক্তন প্রধানমন্ত্রী প্রয়াত ইন্দিরা গান্ধীর
জন্মদিনে সংহতি পদযাত্রা শেষ হবে। তিনি জানান, এই সংহতি
পদযাত্রার মূল উদ্দেশ্য হচ্ছে উন্নততর, ঐক্যবদ্ধ, ধর্মনিরপেক্ষ
এবং প্রগতিশীল ভারত গঠন করা।

Anna Kut :

আজ অন্নকূট উৎসব ও গিরি গোবর্ধন পূজা অনুষ্ঠিত হয়। অন্নকূট
উৎসবে আজ আগরতলার জগন্নাথ জিউ মন্দির, ইসকন
মন্দিরসহ বিভিন্ন মন্দির ও বাড়িতে নানা রকম ব্যঙ্গনে ভগবানকে
ভোগ নিবেদন করা হয়। জগন্নাথ জিউ মন্দির, ইসকন মন্দিরে
এই উপলক্ষে বিশেষ পূজা পাঠেরও আয়োজন করা হয়েছে।

Update Akashvani :

শ্রোতাবন্ধুরা, আকাশবাণীর সংবাদ সহ বিবিধ খবরের বিস্তৃত আপডেট পেতে লগ ইন করুন - ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যাইটার ও ও ফেসবুক প্লাটফর্মে-এ এ আই আর নিউজ-এলার্টস। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল।

এছাড়া, সংবাদ আপডেট পেতে দেখুন ট্যাইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

MoC, Swachhta :

সংস্কৃতি মন্ত্রক ও তার বিভিন্ন সংস্থাগুলি স্বচ্ছতার চতুর্থ পর্বের বিশেষ প্রচারাভিযানে অংশ নিয়েছিল। দোসরা থেকে ৩১শে অক্টোবর পর্যন্ত অভিযান চলাকালে, মন্ত্রক মনোনীত ৫২৯টি স্থানে পরিচ্ছন্নতা অভিযান চালানোর ক্ষেত্রে ১০০% লক্ষ্যমাত্রা অর্জন করেছে। নথী ব্যবস্থাপনার ১০০% ফাইল যেমন ১২, ৬৬৮টি ফিজিক্যাল ফাইল এবং ৩২৬১টি ই-ফাইল পর্যালোচনা করা হয়েছে। ১, ১৬৭টি ফিজিক্যাল ফাইল এবং ৪৭০টি ই-ফাইল নষ্ট করা হয়েছে। বর্জ্য থেকে ৩১, ৭৩, ৬৬৭ টাকা আয় হয়েছে। মোট ৪৬৮৭৬বর্গফুট এলাকা পরিষ্কার করা হয়। উপরন্ত, ১০০% জন অভিযোগ, ৬০% জনঅভিযোগ আবেদন, সাংসদের ৭৩% এবং প্রধানমন্ত্রীর দপ্তরের ৫৫% রেফারেন্স নিষ্পত্তি করা হয়েছে।

Special Train :

ছট উৎসব উপলক্ষে যাত্রীদের সুবিধার্থে ও নির্বিঘে যাতায়াতের জন্য রেলওয়ে বিশেষ ট্রেন চালাচ্ছে। বিশেষ ট্রেনগুলি রাজধানীর আনন্দ বিহার, নয়াদিল্লি এবং নিজামুদ্দিন রেলওয়ে স্টেশন থেকে চালানো হচ্ছে। উত্তর রেলওয়ের প্রধান জনসংযোগ আধিকারিক হিমাংশু শেখর উপাধ্যায় বলেছেন যে উৎসবের মরসুমে দিল্লি অঞ্চলের প্রধান রেল স্টেশনগুলি থেকে উত্তর রেলওয়ে দ্বারা ৩২০০টিরও বেশি বিশেষ ট্রেন চালানো হচ্ছে। তিনি জানান, দিল্লি থেকে পূর্বাঞ্চলের দিকে আজ ৮০টিরও বেশি বিশেষ ট্রেন চালানো হচ্ছে। দিল্লির প্রধান রেল স্টেশনগুলিতে যাত্রীদের সুবিধার জন্য বিশেষ ব্যবস্থাও করা হয়েছে যাতে তারা ট্রেনে উঠতে কোনও অসুবিধার সম্মুখীন না হন। শ্রী উপাধ্যায় জানান যে ভিড় সামলাতে প্ল্যাটফর্ম টিকেট সাময়িকভাবে বন্ধ রাখা হয়েছে এবং শুধুমাত্র যাত্রীদের বৈধ টিকিট নিয়ে রেলওয়ে প্ল্যাটফর্মে প্রবেশের অনুমতি দেওয়া হয়েছে।

NF Railway :

এই উৎসবের মরসুমে যাত্রীদের বর্ধিত চাহিদা পূরণ করতে ও আরামদায়ক ভ্রমণ নিশ্চিত করতে উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের পক্ষ থেকে আরও কয়েকটি উৎসব স্পেশাল ট্রেন চালুর সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এরমধ্যে রয়েছে আগরতলা-সেকেন্দ্রাবাদ একমুখী স্পেশাল ট্রেন যা আগামীকাল সকাল ৬টা ২০ মিনিটে আগরতলা থেকে রওনা দিয়ে তৃতীয় দিন বিকেল ৪টা ১৫ মিনিটে সেকেন্দ্রাবাদ পৌঁছবে। তাছাড়া আগরতলা-ফিরোজপুর ক্যান্ট একমুখী স্পেশাল আগামীকাল দুপুর ২টা ১০ মিনিটে আগরতলা থেকে রওনা দিয়ে তৃতীয় দিন রাত ৯টা ৪০ মিনিটে ফিরোজপুর ক্যান্ট পৌঁছবে।

ছত্রপতি শিবাজী মহারাজ টার্মিনাস-আগরতলা উৎসব স্পেশাল আগামীকাল বিকেল ৩টা ৩০ মিনিটে ছত্রপতি শিবাজী মহারাজ টার্মিনাস থেকে রওনা দিয়ে ৬ই নভেম্বর সকাল ৭টা ৪০ মিনিটে আগরতলা পৌঁছবে। ফেরত যাত্রার সময় আগরতলা-ছত্রপতি শিবাজী মহারাজ টার্মিনাস উৎসব স্পেশাল ৭ই নভেম্বর বেলা ৩টা ১০ মিনিটে

আগরতলা থেকে রওনা দিয়ে ১০ই নভেম্বর সকাল ৮টা ২০ মিনিটে ছত্রপতি শিবাজী মহারাজ টার্মিনাস পৌঁছুবে।

এই ট্রেনগুলির স্টপেজ ও সময়সূচির বিশদ বিবরণ আইআরসিটিসি-এর ওয়েবসাইটে পাওয়া যাবে এবং বিভিন্ন সংবাদপত্র ও উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের বিভিন্ন সোস্যাল মিডিয়া প্ল্যাটফর্মেও দেয়া আছে। যাত্রা করার পূর্বে এই বিবরণগুলি দেখে নেওয়ার জন্য যাত্রীদের প্রতি এন এফ রেলওয়ের পক্ষ থেকে অনুরোধ জানানো হচ্ছে।

Birsha Munda :

ভগবান বীরসা মুন্ডা'র জন্মজয়ন্তী তথা জনজাতি গৌরব দিবসের রাজ্যভিত্তিক অনুষ্ঠান আগামী ১৫ই নভেম্বর কৈলাশহরের গোলকপুরে অনুষ্ঠিত হবে। এই উপলক্ষ্যে শ্রমমন্ত্রী টিংকু রায় এর উপস্থিতিতে আজ চন্দীপুর ব্লক কার্যালয়ে এক প্রস্তুতি বৈঠক অনুষ্ঠিত হয়। উপস্থিতি ছিলেন, উনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ, ব্লকের B.D.O প্রসেনজিৎ মালাকার প্রমুখ। রাজ্যভিত্তিক অনুষ্ঠানে থাকবে, স্বাধীনতা সংগ্রামী ভগবান বীরসা মুন্ডা'র পূজা, সাংস্কৃতিক অনুষ্ঠান। থাকবে বিভিন্ন দপ্তরের স্টল। জনজাতি কল্যাণ দপ্তরের মন্ত্রী বিকাশ দেববর্মা এই অনুষ্ঠানের উদ্বোধন করবেন।

Youth Festival-Sepahijala :

সিপাহীজলা জেলাভিত্তিক যুব উৎসব আগামী ৯ই নভেম্বর বিশ্রামগঞ্জে অনুষ্ঠিত হবে। যুব উৎসব নিয়ে আজ এক প্রস্তুতি বৈঠকের পর সিপাহীজলা জেলার জিলা সভাধিনেত্রী সুপ্রিয়া দাস দত্ত এখবর জানান। তিনি জানান, সাম্প্রতিক বন্যার কারণে এবছর ব্লক, নগর পঞ্চায়েত ও পুর পরিষদ স্তরে যুব উৎসব হবে না। বিশ্রামগঞ্জে জেলাভিত্তিক যুব উৎসবে বিজ্ঞান মেলা ও

প্রদর্শনী আয়োজন করা হবে। উদ্বোধন করবেন যুব ও ক্রীড়া
মন্ত্রী টিংকু রায়।

TYF Deputation to the Governer :

রাজ্যের প্রত্যেক বিদ্যালয়ের পাঠাগারের ব্যবস্থা করা সহ চার দফা
দাবিতে আজ রাজভবনে রাজ্যপালের কাছে ডেপুটেশন প্রদান
করেছে ছাত্র সংগঠন টিআইএসএফ। সংগঠনের সভাপতি সাজুরা
দেববর্মার নেতৃত্বে পাঁচজনের এক প্রতিনিধি দল ডেপুটেশন দেন।
অন্যান্য দাবিগুলির মধ্যে রয়েছে, বিদ্যালয়ে শিক্ষার্থীদের
অধ্যয়নের জন্য পরিকাঠামো তৈরি করা এবং প্রত্যেক বিদ্যালয়ে
পানীয় জলের সঠিক ব্যবস্থা করা।

University Football :

পূর্বাঞ্চলীয় বিশ্ববিদ্যালয় নক আউট মহিলা ফুটবল প্রতিযোগিতার
ডি-গ্রুপের লড়াইয়ে ত্রিপুরা বিশ্ববিদ্যালয় সেমিফাইনালে উঠেছে।
ইম্ফলের জাতীয় ক্রীড়া বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে এই আসরে আজ
ত্রিপুরা বিশ্ববিদ্যালয় ৮-০ গোলে নাগাল্যান্ড বিশ্ববিদ্যালয়কে
পরাজিত করে। ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ের অধিনায়িকা মৌসুমি ওরাং
ও বাসন্তী রিয়াং হ্যাট্রিক করেন।
